

তাহফিজ বিভাগের অভিভাবকদের

জরুরি নোটিশ

প্রিয় অভিভাবকবৃন্দ

আসসালামু আলাইকুম

আগামী ২ জানুয়ারি শুক্রবার বিকাল থেকে তাহফিজ বিভাগের শিক্ষার্থীরা বাস্সারিক ছুটি শেষে যাইতুন ক্যাম্পাসে ফিরে আসবে ইনশাআল্লাহ। অভিভাবক হিসেবে আপনার করণীয়:

১. ২০২৫ সালের কোনো বকেয়া থাকলে পরিশোধ করা।
২. ২০২৬ সেশনের প্রোমোশন সম্পন্ন করা।
৩. প্রোমোশন সম্পন্ন করে নতুন আইডি কার্ড সংগ্রহ করা।

শিক্ষার্থীরা নতুন আইডি কার্ড ছাড়া হোস্টেলে উঠা কিংবা নতুন বছরের শিক্ষাক্রমে অংশগ্রহণ করার সুযোগ নেই।

পেমেন্ট সম্পর্কিত কোনো সমস্যা থাকলে যথাযথ কর্তৃপক্ষের সাথে সাক্ষাৎ করে সমাধান করে শিক্ষার্থীর আইডি কার্ড সংগ্রহ করুন অথবা লিখিত অনুমতিপত্র গ্রহণ করুন।

কোনোভাবেই আইডি কার্ড / অনুমতিপত্র ছাড়া আপনার ছেলে মেয়েকে যাইতুনে রেখে যাবেন না কিংবা পাঠাবেন না।

যাইতুন একাডেমির সার্বিক উন্নতির জন্য সকল প্রকার নিয়ম নীতি মেনে চলা সকলের জন্য আবশ্যিক। আমরা বারবার এই বিষয়ে আপনাদের দৃষ্টি আকর্ষণ করে যাচ্ছি।

নতুন আইডি কার্ড / অনুমতিপত্র ছাড়া কোনো ছাত্র ছাত্রীকে হিফজ বিভাগের দায়িত্বশীলগণ গ্রহণ না করলে আপনি যেন অপমানিতবোধ কিংবা রাগ না করেন সে বিষয়ে আগাম দৃষ্টি আকর্ষণ করা হলো।

যাইতুনের উন্নয়নে আপনার সহযোগিতা একান্তভাবে কামনা করছি।

ধন্যবাদান্তে

ড. মুহাম্মদ আমিনুল হক

তারিখ: ৩১ ডিসেম্বর, ২০২৫